



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ওয়েবসাইট: [www.berc.org.bd](http://www.berc.org.bd)

নং-২৮.০১.০০০০.০১২.০২.০০১.২২.৪৯৩৮

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
২১ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) মূল্যহার পুনঃনির্ধারণের বিষয়ে ১৩ অক্টোবর ২০২২ তারিখের  
বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৯ পুনর্বিবেচনাপূর্বক বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) মূল্যহার  
পুনঃনির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত যথাক্রমে দায়িত্ব ও ক্ষমতাবলে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর ১২ জানুয়ারি ২০২২ তারিখের বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব/আবেদনের বিষয়ে লাইসেন্সী এবং আগ্রহী পক্ষগণকে শুনানি প্রদানপূর্বক কমিশন কর্তৃক ১৩ অক্টোবর ২০২২ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৯ জারী করা হয়। উক্ত আদেশের অনুচ্ছেদ ২ এ বর্ণিত কারণসমূহের পরিপ্রেক্ষিতে বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) মূল্যহার পুনঃনির্ধারণ সঙ্গত না হওয়ায় কমিশনের ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের আদেশের মাধ্যমে পুনঃনির্ধারিত বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) মূল্যহার অপরিবর্তিত রাখা হয়।

০২। বর্ণিত বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৯ পুনর্বিবেচনার জন্য বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর আবেদনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ এর প্রবিধান ১৪(৩) অনুসারে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী-কে সরবরাহকৃত বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) মূল্যহার নিম্নলিখিতভাবে পুনঃনির্ধারণ করা হলো:

**বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) মূল্যহার, ২০২২**

বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ		বিদ্যুতের পাইকারি (বাঙ্ক) মূল্যহার (টাকা/কি.ও.ঘ.)
১	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিতরণ অঞ্চলসমূহ	
	২৩০ কেভি	৭.৬০৪০
	১৩২ কেভি	৭.৬৩৩৫
	৩৩ কেভি	৬.৭৮৯৫
২	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ	
	২৩০ কেভি	৭.৬০৪০
	১৩২ কেভি	৭.৬৩৩৫
	৩৩ কেভি	৫.৩৯২৫
৩	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড	
	২৩০ কেভি	৭.৬০৪০
	১৩২ কেভি	৭.৬৩৩৫
	৩৩ কেভি	৭.৭২০০

বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহ		পাইকারি (বাঙ্ক) বিদ্যুৎ মূল্যহার (টাকা/কি.ও.ঘ.)
৪	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড	
	২৩০ কেভি	৭.৬০৪০
	১৩২ কেভি	৭.৬৩৩৫
	৩৩ কেভি	৭.৭৪৮০
৫	ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড	
	২৩০ কেভি	৭.৬০৪০
	১৩২ কেভি	৭.৬৩৩৫
	৩৩ কেভি	৬.৬২৭৫
৬	নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড	
	২৩০ কেভি	৭.৬০৪০
	১৩২ কেভি	৭.৬৩৩৫
	৩৩ কেভি	৬.২০৫০

০৩। শর্তাবলী:

(ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের ২৩০, ১৩২ ও ৩৩ কেভি বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯০ ল্যাগ এর কম রেকর্ড হলে নিম্নলিখিত হারে সারচার্জ প্রযোজ্য হবে:

- (১) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯০ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৮৮ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ০.৫০% (শূণ্য দশমিক পাঁচ শূণ্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।
- (২) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮৮ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৮০ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.০০% (এক শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।
- (৩) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮০ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৭৫ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.৫০% (এক দশমিক পাঁচ শূণ্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।

(খ) বিলম্বে পাইকারি বিদ্যুৎ বিল পরিশোধে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীর ক্ষেত্রে বিলম্ব-পরিশোধ মাশুল মাসে ১% (এক শতাংশ) সরল হারে অপরিবর্তিত থাকবে।

(গ) পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের আর্থিক, ভৌগোলিক ও অন্যান্য পরিপ্রেক্ষিত বিবেচনা করে কমিশন কর্তৃক অনুসৃত পদ্ধতিতে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে ব্রেক-ইভেনে (না লাভ-না ক্ষতি) পরিচালনার নিমিত্ত পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের নীট রাজস্ব চাহিদা নিরূপণপূর্বক বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করত প্রত্যেক পল্লী বিদ্যুৎ সমিতি এর ভিন্ন ভিন্ন পাইকারি (বাঙ্ক) মূল্যহার স্থির করবে, যার ভারিত গড় কমিশন কর্তৃক বাপবিবো এর জন্য নির্ধারিত ভারিত গড় পাইকারি (বাঙ্ক) মূল্যহার এর সমান হবে। অর্থবছর শেষে প্রকৃত তথ্যের ভিত্তিতে পল্লী বিদ্যুৎ সমিতি এর আর্থিক অবস্থা বিবেচনায় কমিশনের পূর্বানুমোদনক্রমে উক্ত মূল্যহার পুনঃস্থির (Refix) করা যাবে।

০৪। ভারিত গড়ে পুনঃনির্ধারিত বিদ্যুতের পাইকারি (বান্ধ) মূল্যহার ৬.২০ টাকা/কি.ও.ঘ. অনুযায়ী বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীভিত্তিক পুনঃনির্ধারিত বিদ্যুতের পাইকারি (বান্ধ) মূল্যহার এবং এ সংক্রান্ত শর্তাবলী বিল মাস ডিসেম্বর ২০২২ হতে কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

০৫। কমিশনের ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের আদেশসমূহের (বিইআরসি আদেশ নম্বর: ২০২০/০৪, ২০২০/০৫, ২০২০/০৬, ২০২০/০৭, ২০২০/০৮ এবং ২০২০/০৯) মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহের বিভিন্ন গ্রাহকশ্রেণির জন্য পুনঃনির্ধারিত বিদ্যমান খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এবং এ সংক্রান্ত খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি কমিশনের পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত অপরিবর্তিত থাকবে।

কমিশনের সিদ্ধান্তক্রমে,

ব্যারিস্টার মো: খালিদুর রহমান খান

সচিব, বিইআরসি।

ফোন: ০২-৫৫০১৪০০৭

ই-মেইল: [secy@berc.org.bd](mailto:secy@berc.org.bd)